'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Sec 2nd Semester Examination, 2024

## UBNGSEC12002-BENGALI

### ব্যবহারিক বাংলা লিখন-কৌশল

Time Allotted: 2 Hours | Full Marks: 40

*The figures in the margin indicate full marks.*

১। যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ২×২ = ৪

(ক) সাক্ষাৎকার কাকে বলে ?

(খ) কাল্পনিক সংলাপের প্রধান দুটি সূত্র লেখো।

(গ) বিজ্ঞাপনের প্রয়োজনীয়তা কী ?

(ঘ) বিতর্কসভার মূল দু'টি লক্ষ্য উল্লেখ করো।

২। যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×২ = ৬

(ক) প্রুফ সংশোধনের তিনটি সূত্র লেখো (উদাহরণসহ)।

(খ) সাক্ষাৎকারের শ্রেণিবিভাগ করো।

(গ) শংসাপত্র কাকে বলে ? তুমি এখনো পর্যন্ত কী কী শংসাপত্র পেয়েছো (অন্তত দু'টি) ?

(ঘ) বিজ্ঞাপন ক'প্রকার হয় ও কী কী ?

৩। যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৩ = ১৮

(ক) নিম্নলিখিত কবিতাংশের প্রুফ সংশোধন করোঃ

**পাণ্ডুলিপি**

সুচেতনা, তুমি এক দূরতর দ্বীপ
বিকেলের নক্ষত্রের কাছে;
সেইখানে দারুচিনি-বনানীর ফাঁকে
নির্জনতা আছে।
এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য; তবু শেষ সত্য নয়।
কলকাতা একদিন কল্লোলিনী তিলোত্তমা হবে;
তবুও তোমার কাছে আমার হৃদয়।

**প্রুফ কপি**

সুচেতনা তুমি এক দূরতর দীপ
বিকলের নক্ষতের কাচে,
সেখানে দারুচিণি বনানির ফাকে

Maynaguri College Library

নিজনতা আছে —
এই পৃথিবির রন রক্ত সপলতা
সত্যি; তবে শেশ সত্য নয়।
কোলকাতা একদিন কল্ললিণি তিলোত্তভা হোবে
তবু তোমাড় কাছে আমর হিদয়।

(খ) মোবাইল ফোন ব্যবহারের উপকারিতা ও অপকারিতা নিয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

(গ) সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে যে যে বিষয়গুলি মাথায় রাখা উচিত সেগুলি উল্লেখ করো।

(ঘ) তুমি একটি কম্পিউটার শিক্ষাকেন্দ্র শুরু করতে চলেছো। সেটির প্রচারমূলক বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।

(ঙ) তোমাদের মহাবিদ্যালয়ে একটি সাংস্কৃতিক প্রতিযোগিতায় 'রবীন্দ্র সংগীত' বিভাগে যে প্রথম স্থান অর্জন করেছে, তাকে প্রদত্ত শংসাপত্রের নমুনা রচনা করো।

৪। যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×১ = ১২

(ক) একজন বাঙালি গায়ক হিন্দি চলচ্চিত্রে গান গাওয়ার জন্য জাতীয় পুরস্কার পেয়েছেন। তাঁর একটি সাক্ষাৎকার গ্রহণ করো।

(খ) "একুশের মাতৃভাষাপ্রীতি বাইশেই ফুড়ুত" — এই বক্তব্যের পক্ষে এবং বিপক্ষে দু'জন করে বক্তার বিতর্কসভা প্রস্তুত করো।

——×——

Maynaguri College Library